যে ব্যক্তি কসম করতে গিয়ে বলল, ‘লাত ও উয্যার কসম’, সে যেন ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ বলে। আর যে ব্যক্তি তার সঙ্গীকে বলে, ‘এস তোমার সাথে জুয়া খেলি’, সে যেন সাদকাহ করে।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “যে ব্যক্তি কসম করতে গিয়ে বলে, ‘লাত ও উয্যার কসম’, সে যেন ‘লা
ইলাহা ইল্লাল্লাহ’ বলে। আর যে ব্যক্তি তার সঙ্গীকে বলে, ‘এস তোমার সাথে জুয়া খেলি’,
সে যেন সাদকাহ করে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যদি কোনো ব্যক্তি গাইরুল্লাহ যেমন লাত উয্যা ইত্যাদির নামে কসম করে, তাকে রাসূলুল্লাহ সালাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ‘লা ইলাহা ইল্লাল্লাহ’ বলার নির্দেশ দিয়েছেন। আর যে ব্যক্তি তার সাথীকে বলে, তোমার নিকট বন্দক রেখে বলবো যে, নিশ্চয় এটা অমুক বস্তু ও অমুক বস্তু, তাকে তিনি সাদকাহ করার নির্দেশ দিয়েছেন।

https://sunnah.global/hadeeth/bn/show/6379